

তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

QF-PRJ-06

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৮২৪

তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক  
দাশেরকান্দি পয়ঃ শোধানাগার প্রকল্প  
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন (৬ ঠা তলা)  
৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

- সূত্রঃ (১) আবেদন নম্বর নং- ৪৪৫ (বাড্ডা), এসই(পিএন্ডডি)-৬৭২, তাং-১৯/১০/২০১৭ ইং।  
(২) স্মারক নং-ডেসকো/পিএন্ডডি/২০১৫/১১৭৮, তারিখঃ- ০৯/০৯/২০১৫ ইং।  
(৩) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.৩৪৮, তাং- ০৮/০৩/২০১৮ খ্রিঃ।  
(৪) ওয়াসার স্মারক নং-৪৩.১১৩.৬১৭.০০.০০.২১০.২০২০.৪৮৮, তাং- ২০/০১/২০২১ খ্রিঃ।  
(৫) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২৩৪(১), তাং- ১৮/০২/২০২১ খ্রিঃ।  
(৬) ওয়াসার স্মারক নং-৪৩.১১৩.৬১৭.০০.০০.২১০.২০২০.৫৪৫, তাং- ২২/০২/২০২১ খ্রিঃ।  
(৭) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৫১৬, তাং- ১৮/০৫/২০২১ খ্রিঃ।  
(৮) ওয়াসার স্মারক নং-৪৩.১১৩.৬১৭.০০.০০.২১০.২০২০.৭১৫, তাং- ১০/০৬/২০২১ খ্রিঃ।  
(৯) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৬৫৩, তাং-১১/০৭/২০২১ ইং।  
(১০) ২১/৯/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০১৯৭৪৯ (প্রাইম ব্যাংক লিঃ), টাকা = ৫,১০,০০০/-  
(১১) ২১/৯/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০১৯৭৫০ (প্রাইম ব্যাংক লিঃ), টাকা = ১৩,৮১,৮৬৫/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'দাশেরকান্দি পয়ঃ শোধানাগার প্রকল্প', শীর্ষক প্রকল্পের স্যুয়েজ লিফটিং স্টেশনে বৈদ্যুতিক সংযোগের জন্য ১,২০০ (এক হাজার দুইশত) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লাস্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (বাড্ডা) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। ভূ-গর্ভস্থ ক্যাবল লাইন নির্মাণ নিজস্ব ব্যবস্থাপনায় ডেসকো'র সুপারভিশনে বাস্তবায়ন করতে হবে। সাফল্যজনকভাবে নির্মিত অবকাঠামো ডেসকো'র নিকট হস্তান্তরের পরে স্থায়ী বিদ্যুৎ সংযোগের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে।
- ১৩। অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পরে As built drawing & design ডেসকো বরাবরে জমা প্রদান করতে হবে।
- ১৪। উক্ত ছাড়পত্র জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

  
(প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-১।
- ৩। নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (বাড্ডা)।
- ৪। অফিস কপি।